

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) ঠিকাদারের প্রয়োজনীয় কাগজপত্র।
- (৪) দর বিশ্লেষণ।
- (৫) আলোচ্য কাজের প্রাক্কলন।
- (৬) প্রতিবেদন।

Name of the work: Supply of tonner, cartridge, printer etc & related services for PSTP Division.

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৫ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতাসম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুর) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূ-গর্ভস্থ ডিসচার্জ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জেন এর আওতাধীন ১৯ টি পয়ঃ উত্তোলন কেন্দ্রের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে। এছাড়া উল্লেখ্য যে, অত্র বিভাগটি ঢাকা শহর হতে দূরে অবস্থিত বিধায় আধুনিক অনেক সুযোগ-সুবিধা হতে বঞ্চিত। অত্র বিভাগের দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য ই-নথি, ই-জিপি, অনলাইন মিটিং, অনলাইন স্টোর সিস্টেম, ল্যাব রিপোর্ট তৈরী, প্লান্ট সম্পর্কিত তথ্যাদি ডিজিটাল প্রজেক্টেশন সহ টাইপিং এর মাধ্যমে কম্পিউটারে প্রচুর কাজ করতে হয়। বর্তমানে অফিসিয়াল কাজ নিরবিচ্ছিন্নভাবে করার জন্য পাঁচটি ইউপিএস ও কিছু টোনার সহ কিছু আনুষঙ্গিক জিনিসপত্র সংগ্রহ করা প্রয়োজন।

১.১। সেই লক্ষ্যে বর্তমান বাজার দরের ভিত্তিতে “Supply of tonner, cartridge, printer etc & related services for PSTP Division” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৪,৯৬,৭৮৩.০০ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত তিরিশি) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের “নুদ্রণ ও মনোহারী” (কোড ০১-০২-০১৬) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-35; প্যাকেজ নং- G17 এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

১.২। কর্তৃপক্ষের কাজের স্বার্থে আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুসরণে Direct Procuring Method (DPM) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASAকে রাখা হবে। উল্লেখ্য যে, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Supply of tonner, cartridge, printer etc & related services for PSTP Division” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুসরণে Direct Procuring Method (DPM) প্রক্রিয়ায় ঠিকাদার “মেসার্স এস এস এন্টারপ্রাইজ” এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক ৪,৯৬,৭৮৩.০০ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত তিরিশি) টাকা মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “মুদ্রণ ও মনোহারী” (কোড ০১-০২-০১৬) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি ও পয়ঃশোধনাগার সার্কেল) মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


SDE
২৩/০৯/২৫
মোঃ মাসুম রহমান
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


23.09.2025
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।



সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


SDE (PSTP/Arable)

১৪ অনুমোদিত।


23.09.2025

(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


XEN (PSTP)